

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫৯

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ঘুম থেকে জাগ্রত হওয়া ব্যক্তিকে পাত্রে হাত ঢুকানোর আগে তিনবার হাত ধৌত করার নির্দেশ প্রসঙ্গে وَكُنُ الْأُمْرِ بِغَسْلُ الْيَدَيْنِ لِلْمُسْتَيْقِظِ ثَلَاتًا قَبْلَ إِدخالهما الإناء

আরবী

1059 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: سُفْيَانُ عَنِ النَّهِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنْ مَنَامِهِ فَلَا يَغْمِسَنَّ يَدَهُ فِي إِنَائِهِ حَتَّى يَغْسِلَهَا ثَلَاثًا فَإِنَّهُ لَا يَدْرِي (إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنْ مَنَامِهِ فَلَا يَغْمِسَنَّ يَدَهُ فِي إِنَائِهِ حَتَّى يَغْسِلَهَا ثَلَاثًا فَإِنَّهُ لَا يَدْرِي أَيْنَ بَاتَتْ يَدُهُ

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1059 ا خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১০৫৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ ঘুম থেকে জাগ্রত হবে, তখন সে যেন তার হাতকে তিনবার না ধৌত করা পর্যন্ত পাত্রে না ঢুকায়, কেননা সে তো জানে না, তার হাত কোথায় রাত্রি যাপন করেছে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৪২; সহীহ মুসলিম: ২৭৮; নাসাঈ: ১/৬; দারেমী: ১/১৯৬; সুনান বাইহাকী: ১/৪৫; বাগাবী, শারহুস সুনাহ: ২০৮; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৯; তিরমিযী: ২৪; ইবনু মাজাহ: ৩৯৩; নাসাঈ: ১/৯৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯৮; মুসনাদ আহমাদ: ২/৩৪৮; সুনান বাইহাকী: ১/৪৬; আবূ দাউদ: ১০৩; আত তায়ালিসী: ১/৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন